

তারিখ :
পৃষ্ঠা : ৩ ... কলাম : ৬

তেজগাঁও কলেজ গভর্নিং বডি'র সভা : সন্ত্রাসীদের ব্যাপক বোমাবাজি

স্টাফ রিপোর্টার : তেজগাঁও কলেজের
নবগঠিত গভর্নিং বডি'র প্রথম বৈঠক গতকাল
(শনিবার) কলেজের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত
হয়। কিন্তু একটি সন্ত্রাসী চক্র- ব্যাপক
বোমাবাজি ঘটিয়ে বৈঠক ভঙুল করার চেষ্টা
চালায় বলে অভিযোগ পাওয়া গেছে।

কলেজ সূত্রে অভিযোগ পাওয়া গেছে,
সাবেক আওয়ামী লীগ এমপি ডাঃ
ইকবালুর খনিশ সহযোগী হিসেবে পরিচিত
বর্তমান ত্রিঙ্গিপালের বিরুদ্ধে ব্যাপক
অনিয়ম ও দুর্নীতির অভিযোগের প্রেক্ষাপটে
নতুন গভর্নিং বডি'র সদস্যদের কাছে
জবাবদিহিতা এড়ানোর জন্যই এই সন্ত্রাসী
কর্মকাণ্ড চালানো হয়েছে। লক্ষ্য হচ্ছে
সদস্যদের প্রথম দিনেই ভীত-সন্ত্রস্ত করে
তোলা।